

কালের অগ্রজ আলো

ফারহানা ইলিয়াস তুলি

নগর আর নদীর মোহনায় মিলিত হয়েছিল সঞ্চিত
আমাদের ভালোবাসা রহস্য। শালিক-দোলের গান
উপাদান হয়ে জাগিয়েছিল যুমন্ত জীবন, নিজস্ব পতাকার
প্রত্যয়ে ধ্যানী মানুষেরা একদিন পরেছিল রক্ত পোশাক।

আমাদের লক্ষ্য ছিল তীর্থ আকাশ, বৈশাখ - বসন্ত
জল এবং রক্ত পলাশের মিশেল ছায়াকনা, মননে
সূর্যানন্দ ধ্বনি, ছিল অপেক্ষা - আবেগ আর তপ্ত অনুরাগ।

কালের অগ্রজ আলো ছিল আমাদের সহোদর-সহোদরা
প্রত্যক্ষ জোয়ার যেমন স্পর্শ করে বৃষ্টির প্রান্ত ও পাতা
সেইসব ছোঁয়া - পদাবলীর মালা গেথে রাজপথে
নেমেছিল মানুষের মিছিল, বজ্রকণের প্রতিধ্বনি হয়ে।

গ্রহ ও কক্ষচ্যুত হয়। কিন্তু তার প্রজন্ম গ্রহ আবার
ফিরে মৌলিক দৃশ্যপথে। যে জীবন দীর্ঘ জাগে
আমরা তাকেই খুঁজি, আজও স্বপ্ন - স্মৃতির এই বাঙলায়।

নিউইয়র্ক